# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ কর্পোরেশন

**BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION**

BCIC BHABAN, 30-31, DILKUSHA C.A., DHAKA-1000, BANGLADESH

www.bcic.gov.bd


সূত্র নং- ৩৬.০১.০২৭.০১.০২.০০৫০.২০১৬/২৪১ তারিখঃ ১৮-০৮-২০১৯ইং।

**বিষয়ঃ আপীল আবেদনের মাধ্যমে বিভাগীয় মোকদ্দমার শাস্তি হতে অব্যাহতি প্রসংগে।**

যেহেতু, আপনি জনাব মোঃ গোলাম মোস্তফা শিকদার,সহঃব্যবস্থাপক (ক্রয়) বিসিআইসি'র অধিনস্থ এএফসিসিএল এর বাণিজ্যিক বিভাগে কর্মরত থাকাবস্থায় আপনার বিরুদ্ধে এএফসিসিএল এর ৭২ মেঃটন লিকুইড ক্লোরিন ক্রয় সংক্রান্ত টেন্ডারের মোট মূল্যে ঘষামাজা ও দরপত্র দলিল ক্রয়ের মূল রশিদ ছিড়ে ফেলার অভিযোগ উত্থাপিত হয়। আপনি গত ১৫-০৯-২০১৫ তারিখ ঢাকা থেকে টেন্ডার ডকুমেন্টটি নিয়ে বিকাল ০৪.০০ টায় কারখানায় পৌঁছালেও টেন্ডারটি অফিসে জমা না দিয়ে বাসায় যান এবং পরের দিন ১০-১৫ মিনিটে তা ক্রয় বিভাগীয় প্রধানের নিকট জমা দেন। এএফসিসিএল কর্তৃক গঠিত প্রাথমিক তদন্ত কমিটির প্রতিবেদনে আপনার দায়িত্ব পালনে চরম অবহেলার পরিচয় প্রকাশ পায়। আপনার এহেন দায়িত্বহীনতা ও শৃঙ্খলা বিরোধী অপরাধের জন্য আপনার বিরুদ্ধে সংস্থা হতে ৩১-০১-২০১৬ তারিখ কারণ দর্শানো নোটিশ জারী করা হয়।

যেহেতু, আপনি কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করার পর সংস্থা হতে ন্যায় বিচারের স্বার্থে বিধি মোতাবেক গত ১২-০৬-২০১৬ তারিখ বিভাগীয় তদন্ত কমিটি গঠন করা হয়। বিভাগীয় তদন্ত কমিটির প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়। গত ২৮-০৫-২০১৭ তারিখ প্রবিধানের ধারাবাহিকতায় আপনার বিরুদ্ধে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়। আপনি চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিলের পর তা পর্যালোচনা করে নতুন কোন তথ্য বা বক্তব্য না পাওয়ায় সংস্থা কর্তৃপক্ষ গত ১৭-০৯-২০১৭ তারিখ প্রবিধানের বিধি ৩৯ (১) (ক) এর (আ) অনুযায়ী আপনার পরবর্তী "এক বছরের বেতন বর্ধন স্থগিত" এর দন্ডারোপ করেন।

যেহেতু, আপনি বর্ণিত দন্ডাদেশের বিরুদ্ধে বিধি মোতাবেক গত ২৪-০১-২০১৯ তারিখ সচিব, শিল্প মন্ত্রণালয় বরাবর আপীল আবেদন করেন। আপীল কর্তৃপক্ষ গত ০৮-০৫-২০১৯ তারিখ আপীলকারী ও বিসিআইসি'র প্রতিনিধি জনাব মোহাম্মদ জাকির হোসেন, মহাব্যবস্থাপক (প্রশাসন) এর উপস্থিতিতে শুনানী অনুষ্ঠান করেন।

যেহেতু, আপীল শুনানীতে আপনার বক্তব্য ও যুক্তিসমূহ আপীল কর্তৃপক্ষের নিকট অধিকতর গ্রহণীয় প্রতীয়মান হয়েছে সেহেতু, আপীল কর্তৃপক্ষ বিভাগীয় মোকদ্দমার নথি, রেকর্ডপত্রাদি ও শুনানী পর্যালোচনায় আপনার বিরুদ্ধে সংস্থা প্রদত্ত গত ১৭-০৯-২০১৭ তারিখের শাস্তির আদেশ বাতিল করেছেন এবং দন্ডাদেশ প্রদানের তারিখ ১৭-০৯-২০১৭ হতে আপনার বেতন-ভাতাদি নিয়মিত করণের আদেশ জারী করেছেন (কপি সংযুক্ত)।

(মোঃ মোশতাক আহমেদ)
উপ-কর্মচারী প্রধান (প্রশাসন)
কর্মচারী প্রধানের পক্ষে।
ফোন-৯৫৫৭৮৩৪-(০৬০৫)
admn.acop5@bcic.gov.bd

প্রাপক ঃ

জনাব মোঃ গোলাম মোস্তফা শিকদার,
সহঃ ব্যবস্থাপক (ক্রয়)
ঠাকুরগাঁও বাফার গুদাম, শিবগঞ্জ, ঠাকুরগাঁও।
(এসএফসিএল, ফেঞ্চুগঞ্জ, সিলেটের অধীন)।

বিতরণ (কার্যার্থে) ঃ

১। ব্যবস্থাপনা পরিচালক, এসএফসিএল, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
২। ব্যবস্থাপনা পরিচালক, এএফসিসিএল, আশুগঞ্জ, বি-বাড়ীয়া।
৩। হিসাব নিয়ন্ত্রক, বিসিআইসি - আপীল কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক ১৭-০৯-২০১৭ তারিখ হতে তার বেতন নিয়মিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৪। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন-১), কর্মচারী বিভাগ, বিসিআইসি - আপীল কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক ১৭-০৯-২০১৭ তারিখ হতে তার বেতন নিয়মিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৫। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন-২), কর্মচারী বিভাগ, বিসিআইসি- বিধি মোতাবেক পদোন্নতি'র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।।

অনুলিপি (জ্যেষ্ঠতা বা পদের ক্রমানুসারে নয়) ঃ

০১। পরিচালক (বাণিজ্যিক), বিসিআইসি।
০২। পরিচালক (কারিঃ ও প্রকৌঃ), বিসিআইসি।
০৩। মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, বিসিআইসি-ওয়েবসাটের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ।।
০৪। মহাব্যবস্থাপক, বিপণন বিভাগ, বিসিআইসি।
০৫। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিসিআইসি।
০৬। নোটিশ বোর্ড (সকল)। ০৭। দপ্তর নথি। ০৮। মহা নথি।

As upload.
২৫/৮/১৯

আইসিটি বিভাগ
গ্রহন


CABLE:CHEMICORP TELEX:632216 BCIC BJ,FAX:880-2-9564120,PHONE:PABX:9559281-82,85,9562140


ড
স্ব
তা. 25-08-19
সময় 3:30